জুলাই সনদের সরাসরি আইনি ভিত্তি নেই: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

অন্তর্বর্তী সরকারের সময়ে প্রণীত জুলাই জাতীয় সনদের সরাসরি কোনো আইনি ভিত্তি নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তবে সনদটি রাজনৈতিক সমঝোতার ফল হওয়ায় এর গুরুত্ব আইনি ভিত্তির চেয়েও বেশি বলে মন্তব্য করেন তিনি।

শনিবার (৩১ অক্টোবর) রাজধানীর শেরেবাংলা নগরে জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরে 'গণতান্ত্রিক অভিযাত্রা' সিরিজের 'স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশের সাংবিধানিক সংকট ও বাকশাল' শীর্ষক সেমিনারে বক্তব্য দেন স্বরাষ্ট্রমন্ত্রী।

তিনি বলেন, 'ইন্টেরিম গভর্নমেন্টের (অন্তর্বর্তীকালীন সরকার) সময় যে জুলাই জাতীয় সনদ প্রণীত হলো, তার কি কোনো আইনি ভিত্তি আছে? নাই। কিন্তু এই রাজনৈতিক সমঝোতাটা আইনি ভিত্তির চেয়েও বেশি।'

জুলাই সনদকে আইনি স্বীকৃতি দেওয়ার বিষয়টি নিয়ে জাতীয় ঐকমত্য কমিশনের শেষ পর্যায়ে বিতর্ক তৈরি হয়েছিল বলে জানান সালাহউদ্দিন আহমদ। জনগণ সনদটি চায় কি না, সেই প্রশ্নও তখন সামনে আসে। এ অবস্থায় সনদের আইনি ভিত্তি নির্ধারণে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন দেখা দেয়।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সনদটির আইনি ভিত্তি নিয়ে আলোচনার সময় তাঁরা সুপ্রিম কোর্টের মতামত নেওয়ার প্রস্তাব দিয়েছিলেন। তবে অন্যরা তাতে সম্মত হননি। পরে সুপ্রিম কোর্টের সঙ্গে অনানুষ্ঠানিক আলোচনা হলেও আদালত এ বিষয়ে দায়িত্ব নিতে রাজি হয়নি। আদালতের পক্ষ থেকে জানানো হয়েছিল, বিষয়টি রাজনৈতিক এবং রাজনৈতিকভাবেই এর সমাধান করতে হবে।